

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
www.dfp.gov.bd

নিয়োগ আদেশ

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের ৩১টি পদে নিয়োগপত্র জারী করে প্রার্থীদের স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। প্রার্থীদেরকে আগামী ২৯-০৮-২০১৯ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে যোগদান করতে হবে।

শর্তাবলী:

- (ক) চাকুরিতে যোগদানের সময় শারীরিক সুস্থতার সপক্ষে সিভিল সার্জনের সনদপত্র দাখিল করতে হবে।
- (খ) এই নিয়োগ চাকুরিতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে। চাকুরিতে যোগদানের পর প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং কোটায় নিয়োগের সনদপত্র ও অন্যান্য সনদপত্র যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও অন্যান্য সনদপত্র সন্তোষজনক না হলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (গ) কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- (ঙ) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৯.০৮.২০১৯ তারিখের মধ্যে মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নয় বলে গণ্য করা হবে এবং এ নিয়োগ আদেশ বাতিল হয়ে যাবে।
- (চ) এই চাকুরিতে যোগদানের জন্য তাকে কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।


সেলিনা আকতার

উপপরিচালক (প্রশাসন)

ও

সদস্য সচিব

বিভাগীয় নিয়োগ/নির্বাচন কমিটি
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।